মনিটারী পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

এমপিডি সার্কুলার নং-০১

তারিখ ০৪/৫/২০১০ ইং
২১/০১/১৪১৭ বাং

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ ব্যাংকে নগদ জমা সংরক্ষণ প্রসংগে ।**

বর্তমানে বাংলাদেশের সব তফসিলী ব্যাংককে তাদের মোট তলবী ও মেয়াদী দায়ের শতকরা ৫.০০ (পাঁচ) ভাগ দ্বিসাপ্তাহিক গড় ভিত্তিতে এবং ৪.৫% দৈনিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে নগদ জমা হিসাবে সংরক্ষণ করতে হয় ।

মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আগামী ১৫ মে ২০১০ হতে উল্লিখিত নগদ জমা সংরক্ষণের হার দ্বিসাপ্তাহিক গড় ভিত্তিতে ৫.৫০ (সাড়ে পাঁচ) শতাংশ এবং দৈনিক ভিত্তিতে ৫.০০ (পাঁচ) শতাংশ হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনার বিশ্বস্ত,

স্বা/ঃ

(বেগম সুলতানা রাজিয়া)
মহাব্যবস্থাপক
ফোন - ৯৫৬৪১১৯

মনিটারী পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

নং এমপিডি-১১৬/২০১০-৪৯৮

তারিখঃ ০৪ মে, ২০১০ইং / ২১ বৈশাখ, ১৪১৭ বাং

## প্রজ্ঞাপন

বাংলাদেশ ব্যাংক আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের আদেশ নং- ১২৭) এর ৩৬(১) ধারা অনুসারে বাংলাদেশে অনুমতি প্রাপ্ত সকল তফসিলী ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকে ক্যাশ রিজার্ভ রাখার যে বিধান রহিয়াছে উহার পরিমাণ অত্র আদেশে প্রদত্ত ক্ষমতা বলে শতকরা ৫.০ (পাঁচ) ভাগ হইতে বৃদ্ধি করিয়া শতকরা ৫.৫ (সাড়ে পাঁচ) ভাগে নির্ধারণ করা হইল।

০২। এই আদেশ ১৫ মে, ২০১০ তারিখ হইতে কার্যকর হইবে।

স্বাঃ/

(জিয়াউল হাসান সিদ্দিকী)
ডেপুটি গভর্নর